

২০১৬
বাংলা – সাম্মানিক
ষষ্ঠ পত্র
পূর্ণমান – ১০০

প্রাস্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

- ১। (ক) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের শুরু একটা মৃত্যু দৃশ্য দিয়ে। এমন সূচনার তাৎপর্য উপন্যাসের ভাব ও বিষয়ে কীভাবে প্রতিফলিত তা নির্ণয় করো। ১৪
- অথবা
- (খ) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে কুসুম চরিত্র নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১৪
- ২। (ক) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের শেষে আলাদাভাবে উপসংহার অংশ সংযোজনার সার্থকতা বিচার করো। ১২
- অথবা
- (খ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটিকে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা তা যুক্তিসহ আলোচনা করো। ১২
- ৩। (ক) “‘একরাত্রি’ গল্পের কথক সেকেণ্ড-মাস্টার চরিত্রটি প্রথম পর্বে সুরবালাকে না-প্রাপ্তির প্রেক্ষিতে যে শূন্যতাবোধের স্তরে ছিল দ্বিতীয় পর্বে বিশেষ প্রজ্ঞায় উত্তরিত হয়ে সেখান থেকে পূর্ণতাবোধে পৌঁছেছে।” — সেকেণ্ড-মাস্টার চরিত্রের জন্মান্তরের এ-দুই ধাপের বিশ্লেষণ-সূত্রে এ-সত্য প্রমাণ করো। ১২
- অথবা
- (খ) “প্রকৃতির ফ্রেড থেকে উৎপাটিত করে নাগরিক জটিলতার গর্ভে নিষ্কিপ্ত করলে জীবন বিপর্যস্ত-বিধ্বস্ত হয়।” — ‘সুভা’ গল্পের নিহিতার্থ বিশ্লেষণ করে এ মন্তব্যের যথার্থ্য প্রতিপাদন করো। ১২
- ৪। (ক) গল্প শেষে বালক রতন জীবনের যে ব্যাপ্ত অভিজ্ঞান লাভ করেছে তার স্বরূপ ‘মহানগর’ গল্প অবলম্বনে উন্মোচন করো। ১৫
- অথবা
- (খ) ‘টোপ’ গল্পে যে জীবনসত্যের প্রকাশ ঘটেছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ১৫
- ৫। (ক) ‘নিষ্ঠুর অমানবিকতার পর্যায় থেকে যথার্থ মানবিকতার স্তরে উন্নীত হয়েছে মতিলাল পাদরী চরিত্র।’ — ‘মতিলাল পাদরী’ গল্পাবলম্বনে এ-মন্তব্য যথার্থ কিনা বিচার করো। ১৫
- অথবা
- (খ) সময়ের অভিঘাত কীভাবে মানুষকে অসুস্থ করে তোলে তা ‘সীলের চঞ্চু’ গল্পের রুণু চরিত্রের স্বরূপ ব্যাখ্যা প্রসঙ্গে স্পষ্ট করো। ১৫

[Turn Over]

৬। (ক) “তালবনের গভীর নির্জনতায় হঠাৎ তাহার পুরস্কার কে দিল মানুষের বুদ্ধিতে তাহার বিশ্লেষণ নাই।” — বক্তা কে? পুরস্কারটা কী? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

অথবা

(খ) “কাকে ডাকছেন ছোটবাবু? কে যাবে আপনার সঙ্গে? কুসুম কি বেঁচে আছে? সে মরে গেছে।” — ছোটবাবু কে? তার সঙ্গে কুসুমের কোথায় যাবার কথা? কুসুমের মারা যাবার প্রকৃত তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

৭। (ক) “অরণ্যের অধিকার কৃষ্ণ-ভারতের আদি অধিকার।” — মন্তব্যটির তাৎপর্য সংক্ষেপে লেখো। 8

অথবা

(খ) “আট বছরের ছেলে গাইচরী করে হোক বা কোন দিকুর খামারে ঝাটপাট দেবার কাজ করে হোক, পেটের ঘাটো জোগাড় করে নেয়।” — ‘গাইচরী’ ও ‘ঘাটো’ শব্দের অর্থ কী? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

৮। (ক) “তেমন আশ্চর্য এবং তেমন হৃদয় বিদারক ঘটনা সংসারে আর কখনো ঘটে নাই।” — কোন গল্পের অন্তর্গত? বক্তা কে? ঘটনাটি আশ্চর্য ও হৃদয় বিদারক কেন? ১+১+২

অথবা

(খ) “জুলজুলে তার চোখ — মুখে একটি হাসি আছে। যেন শান দেওয়া ছুরির মতো।” — বক্তা কে? কার সম্পর্কে এই উক্তি? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “কিস্ত এ সুখ তাঁর অদৃষ্টে টিকিল না।” — পংক্তিটি কোন গল্পের অন্তর্গত? ‘সুখ’টি কী? সুখ তার কপালে টিকল না কেন? ১+১+৩

(খ) “..... নেটিভ স্টেট, বাঘের বাচ্চা বাঘই।” — কোন গল্পের অন্তর্গত? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

(গ) “তুমি রাব্রে এখানে থাকো, আমি পদ্মের বীজ শুকিয়ে রেখেছি, তাই দিয়ে রাব্রে পায়স তৈরী করে খেতে দেব।” — প্রসঙ্গ নির্দেশ করে কে, কাকে একথা বলেছে তা জানাও। উদ্ধৃতাংশটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ১+১+৩

(ঘ) “প্রকৃত মনুষ্যত্বের চর্চা দেশ হইতে যেন উঠিয়া গিয়াছে।” — কোন গল্পের পংক্তি? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

১০। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “আবার মৃত্যুর মতো নিস্তব্ধ হয়ে আসে সব।” — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য নির্ণয় করো। ৫

(খ) “ফুর্তি করবেন, হোটেল ভাড়াভি দিবেন না?” — বক্তা কে? সে কাকে একথা বলেছে? ফুর্তির স্বরূপ বুঝিয়ে দাও। ১+১+৩

(গ) “আজকের রাতটা বড়ো অদ্ভুত! অনেকদিন মনে থাকবে।” — কে কাকে একথা বলেছে? রাতটা অদ্ভুত কেন? ১+১+৩

(ঘ) “সার্কাসে দেখোনি? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা কেমন সন্তর্পণে হেঁটে ওপার পৌঁছে যায়।” — কে, কাকে একথা বলেছে? উক্তিটির যথার্থ্য ব্যাখ্যা করো। ১+১+৩